

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয়ঃ জাতীয় মহিলা সংস্থার গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা এবং নারায়নগঞ্জ জেলাস্থ রুপগঞ্জ উপজেলা শাখার অফিস কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ ৩২.০২.০০০০.০০৪.২৫.০৭৩.১৪/৩২

তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ

গত ২৬/০৯/২০১৯ তারিখ ঢাকা থেকে গাড়ী যোগে নারায়নগঞ্জের রুপগঞ্জ উপজেলা ও গাজীপুরের কালীগঞ্জ উপজেলায় উপস্থিত হয়ে জাতীয় মহিলা সংস্থার অফিসের কার্যক্রম পরিদর্শন করি। পরিদর্শনকালে চেয়ারম্যান, সদস্যবৃন্দ, জেলা কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

রুপগঞ্জ উপজেলা অফিস কার্যক্রমঃ জাতীয় মহিলা সংস্থা রুপগঞ্জ উপজেলা জেলা শাখার অফিস কার্যক্রম নিজস্ব ভবনে পরিচালিত হয়। অফিসে দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী প্রশিক্ষণ, আত্ম-কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ কার্যক্রম, যৌতুক, বাল্যবিবাহ, উঠান বৈঠক ও ApA কার্যক্রম চালু আছে। প্রশিক্ষার্থীদের ৪ (চার) মাস মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয়। ১৫ জন করে ২ শিফটে ৩০ জন প্রশিক্ষণ নিয়ে থাকে। সেলাই মেশিন গুলো ব্যবহারযোগ্য। রুপগঞ্জ উপজেলা শাখার ট্রেড-প্রশিক্ষকরা বেতন ভাতা পাচ্ছেনা। বেতনভাতা ছাড়া তারা প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে।

মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ আত্মকর্মসংস্থানে মহিলাদের ক্ষুদ্রঋণ কার্যক্রমে এ যাবত ঋণ বিতরণের পরিমাণ ১৪৪.০০ লক্ষ টাকা। উপকারভোগীর সংখ্যা ১০৩জন। আদায়ের হার ৮১%। খেলাপী ঋণের পরিমাণ ২৯,৬০,৭৭৫/- ।

মন্তব্যঃ ট্রেড-প্রশিক্ষকদের বেতন ভাতা পাওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

খ) কালীগঞ্জ উপজেলা অফিস কার্যক্রমঃ জাতীয় মহিলা সংস্থার কালীগঞ্জ উপজেলা শাখা অফিসটি উপজেলা পরিষদের চত্বরে ১কক্ষ বিশিষ্ট ছোটে একটি অফিস। সেখানে অফিস কার্যক্রম পরিচালনা করতে অসুবিধা হয়। কালীগঞ্জ উপজেলা অফিসে আত্ম-কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ কার্যক্রম, যৌতুক, বাল্যবিবাহ, উঠান বৈঠক ও ApA কার্যক্রম চালু আছে। কালীগঞ্জ উপজেলা অফিসে দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী প্রশিক্ষণ চালু নেই।

মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ আত্মকর্মসংস্থানে মহিলাদের ক্ষুদ্রঋণ কার্যক্রমে এ যাবত ঋণ বিতরণের পরিমান ১৭,০০০০/- । উপকার ভোগীর সংখ্যা ১২৯ জন। খেলাপী ৫৫ হাজার। আদায়ের হার ৯৭%। বর্তমানে দীর্ঘ দিন ঋণ বিতরণ করা হয়নি।

ডে-কেয়ার সেন্টারঃ কালীগঞ্জ উপজেলায় ডে-কেয়ার সেন্টারে ৩০ জন শিশু ভর্তি আছে। ১ জন ডে-কেয়ার ইনচার্জ, ১ জন শিক্ষিকা, ১ জন আয়া ও ১ জন গার্ড নিয়ে ডে-কেয়ারটি পরিচালিত হয়।

নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পঃ কালীগঞ্জ উপজেলা শাখায় নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পে ২ বছরের পোলট্রি প্রশিক্ষণ চালু আছে। ৩০ জন করে দুই শিফটে মোট ৬০ জন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ নিয়ে থাকে।

তথ্য আপা প্রকল্পঃ তথ্য আপা প্রকল্পে ১ জন তথ্যসেবা কর্মকর্তা, ০২ জন তথ্য সেবা সহকারী ও ১ জন অফিস সহায়ক সহ মোট ৪জন উপস্থিত ছিল।

অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পঃ কালীগঞ্জ উপজেলা শাখায় অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পে বিজনেস ম্যানেজমেন্ট, ক্যাটারিং, ফ্যাশন ডিজাইন, বিএন্ড কার্টিভেশন এবং বিজনেস ম্যানেজমেন্ট মার্শরুম ৫টি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। প্রতিটি বিষয়ে ২৫ জন করে ২ শিফটে মোট ৫০ জন কে প্রশিক্ষণ দেয়া হয়।

মন্তব্যঃ কালীগঞ্জ উপজেলা অফিসটি ১ কক্ষবিশিষ্ট ছোট। ২ রুমের অফিস ভাড়া নেয়া যেতে পারে।



তাহসিনা বেগম

উপ-পরিচালক (সিনি:সহ:সচিব)

জাতীয় মহিলা সংস্থা

বিতরণঃ

- ১) প্রকল্প পরিচালক, নভিপ্রাপ/অক্ষনাউবিসাম/তথ্য আপা।
- ২) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ, বুপগঞ্জ উপজেলা।
- ৩) সহকারী পরিচালক, প্রশাসন/হিঃ ও অর্থ/প্রকল্প/প্রকাশনা, জামসা।
- ৪) পি এ টু চেয়ারম্যান/ পি এ টু নির্বাহী পরিচালক/পি এ টু পরিচালক, জামসা।
- ৫) অফিস কপি।